দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 30 NOV 2007..
পৃষ্ঠা ..৩ কলাম ৩ ...

# জগন্নাথ বিশ্ববিদ্যালয় অনার্সে ৭৫ হাজার ভর্তি ফরম বিক্রি; আসন ২৩শ'

**জবি সংবাদদাতা** ॥ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০০৭-০৮ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফরম বিতরণ বৃহস্পতিবার শেষ হয়েছে। চারটি অনুষদের সাড়ে ২৩শ' আসনের বিপরীতে এবার প্রায় ৭৫ হাজার ফরম বিক্রি হয়েছে বলে জানা গেছে। প্রতি আসনে গড়ে প্রায় ৩১ জন প্রার্থী ভর্তি পরীক্ষায় প্রতিযোগিতা করবে। সবচেয়ে বেশি ফরম বিক্রি হয়েছে ব্যবসায় শিক্ষা অনুষদে। চলতি শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় প্রার্থীদের তীব্র প্রতিযোগিতার মুখোমুখি হতে হবে।

বিশ্ববিদ্যালয়ের ডিন অফিস সূত্রে জানা যায়, বিজ্ঞান অনুষদের 'ক' ইউনিটে ৬শ' ৯০ আসনের বিপরীতে ফরম বিক্রি হয়েছে ১১ হাজার ১শ' ৬৪টি। এ অনুষদে ভর্তি যুদ্ধে প্রতি আসনে প্রায় ১৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। অন্যদিকে 'খ' ইউনিটভুক্ত কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদে ১ হাজার ৬৫ আসনের বিপরীতে ফরম বিক্রি হয়েছে প্রায় ১৮ হাজার ৩শ'। এ অনুষদে প্রতি আসনের বিপরীতে প্রতিযোগিতা করবে প্রায় ১৭ শিক্ষার্থী।

চলতি শিক্ষাবর্ষে 'গ' ইউনিটভুক্ত ব্যবসায় শিক্ষা অনুষদে সবচেয়ে বেশি ফরম বিক্রি হয়েছে। এ অনুষদের ৬শ' আসনের বিপরীতে ২৬ হাজার ৬০টি ফরম বিক্রি হয়েছে। প্রতি আসনে ভর্তি যুদ্ধে অংশ নেবে ৪৪ জন শিক্ষার্থী। উল্লেখ্য, 'ঘ' ইউনিটে (বিষয় পরিবর্তন) ১৬ হাজার ৫শ' ৮৬টি ফরম বিক্রি হয়েছে। এ ইউনিট থেকে মোট আসনের শতকরা ১৫ ভাগ অন্যান্য ইউনিটের আসন পূরণ করা হবে।